



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি (অভিনন্দন বার্তা)

অধ্যাপক ড. মোহাম্মদ রেজাউল করিম তালুকদারের
দিনাজপুর সাহিত্য পদক লাভে উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২২ জুন ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ রেজাউল করিম তালুকদার গবেষণা শাখায় 'দিনাজপুর সাহিত্য পদক', ২০২৪ লাভ করায় উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম তাঁকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। গত ০৭ জুন এক অনুষ্ঠানের মাধ্যমে তাঁর হাতে এই পদক তুলে দেওয়া হয়।

আজ এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, অধ্যাপক ড. মোহাম্মদ রেজাউল করিম তালুকদারের এ পদক লাভে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আনন্দিত। এই পদক প্রাপ্তিতে একজন সৃজনশীল মানুষকে আরও অনুপ্রাণিত করবে ও সৃষ্টিশীল সাহিত্যকর্ম সৃষ্টিতে উৎসাহিত করবে। উপাচার্য তাঁর অভিনন্দন বার্তায়, অধ্যাপক ড. মোহাম্মদ রেজাউল করিম তালুকদারের অব্যাহত সাফল্য কামনা করেন।

১৫/৮/২০২৪

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি

পরিচালক (ভারপ্রাপ্ত)

